

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
মধ্যপ্রাচ্য অধিশাখা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.erd.gov.bd

প্রেস রিলিজ

১৫ নভেম্বর ২০২১ খ্রি.

বাংলাদেশ-সংযুক্ত আরব আমিরাত যৌথ কমিশন (জেসি)-এর ৫ম সভা ঢাকায় অনুষ্ঠিত

অদ্য ১৫ নভেম্বর ২০২১ খ্রি. তারিখে বাংলাদেশ-সংযুক্ত আরব আমিরাত যৌথ কমিশন (জেসি)-এর ৫ম সভা ঢাকায় অনুষ্ঠিত হয়।


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় অর্থমন্ত্রী জনাব আ হ ম মুস্তফা কামাল, এফসিএ, এমপি এবং সংযুক্ত আরব আমিরাতের মাননীয় পররাষ্ট্র ও আন্তর্জাতিক সহযোগিতা বিষয়ক প্রতিমন্ত্রী H. E. Ahamed Ali Al Sayegh-এঁর যৌথ সভাপতিত্বে উক্ত সভা অনুষ্ঠিত হয়। হাইব্রিড (সশরীরে এবং ভার্চুয়ালি) পদ্ধতিতে অনুষ্ঠিত ৫ম জেসি সভায় উভয় প্রতিনিধিদলের দলনেতা ভার্চুয়ালি অংশগ্রহণ করেন। সভায় উভয় দেশের বিভিন্ন মন্ত্রণালয় ও সরকারি সংস্থার উচ্চ পদস্থ কর্মকর্তাগণ অংশগ্রহণ করেন।



জেসি সভায় উভয় পক্ষ দ্বিপাক্ষিক সহযোগিতার বিভিন্ন ক্ষেত্রের নানাবিধ বিষয় পর্যালোচনা করে এবং পারস্পরিক সহযোগিতা বৃদ্ধির জন্য নিম্নোক্ত ক্ষেত্রসমূহ চিহ্নিত করা হয়: (ক) দ্বিপাক্ষিক অর্থনৈতিক ও বাণিজ্যিক সম্পর্ক উন্নয়ন সংক্রান্ত সহযোগিতা, (খ) জনশক্তি, কর্মসংস্থান ও কনসুলার খাতে সহযোগিতা; (গ) বেসরকারি বিমান চলাচল, পর্যটন ও সাংস্কৃতিক ক্ষেত্রে সহযোগিতা; (ঘ) বিনিয়োগ সংক্রান্ত সহযোগিতা;

(ঙ) আবুধাবী উন্নয়ন ফান্ডের মাধ্যমে সহযোগিতা বৃদ্ধি; (চ) বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ খাতে সহযোগিতা; (ছ) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি খাতে সহযোগিতা; (জ) শিক্ষা, বিজ্ঞান ও প্রযুক্তি খাতে সহযোগিতা; (ঝ) সামুদ্রিক পরিবেশ উন্নয়ন খাতে সহযোগিতা; (ঞ) কৃষি ক্ষেত্রে সহযোগিতা; (ট) স্বাস্থ্য সেবা ও স্বাস্থ্য শিক্ষা খাতে সহযোগিতা; এবং (ঠ) মানবিক ও দাতব্য সহায়তা সংক্রান্ত সহযোগিতা।

বাংলাদেশ ও সংযুক্ত আরব আমিরাতের মধ্যে অনুষ্ঠিত ৫ম যৌথ কমিশন সভা পারস্পরিক বোঝাপড়া, বন্ধুত্ব এবং শ্রদ্ধাবোধকে সামনে রেখে অনুষ্ঠিত হয়। দুই দেশের প্রতিনিধিদের মধ্যে ফলপ্রসূ আলোচনার পর একটি ‘সম্মত কার্যবিবরণী’ স্বাক্ষরিত হয়। উভয় প্রতিনিধিদলের দলনেতা ভার্চুয়ালি সম্মত কার্যবিবরণী-তে স্বাক্ষর করেন।



পরবর্তী যৌথ কমিশন সভা আবুধাবিতে অনুষ্ঠানের বিষয়ে উভয় পক্ষ সম্মত হয়। সভার তারিখ আলোচনার মাধ্যমে পরবর্তীতে নির্ধারিত হবে।

(ড. দেলোয়ার হোসেন)
উপসচিব